

সময় খোদাই কক

দমকা বাতাস আসুক, উড়িয়ে নিয়ে যাক শরীরে জড়ানো
সব অলস পরাগ। তেমন জাদু জানলে জলের ওপর ভেসে
থাকা যায় শবাসনে, বাতাসে ভাসিয়ে দেওয়া যায় মাটির
শরীর। আমি এখন থেকে প্রত্যাহার করে নিচ্ছি সব
মতপার্থক্য, মুছে ফেলছি সম্পর্কের ওপর চুঁইয়ে নামা
তিত্ততা। এই পথ যতদূর যায় যাক, নক্ষত্রের গায়ে লেগে
আমজনতার ধবনি ফিরে আসুক প্রতিধবনি হয়ে, যা কিছু
দ্রবণীয় তা গলে যাক। ত্রিমাত্রিক, চতুর্মাত্রিক অঙ্কার
কেটে সময় খোদাই কক অনেকগুলো স্বপ্নময়
কুঠুরি। নিজস্ব সব শব্দ আর স্বরধবনি ছেড়ে প্রিয়
প্রতিবেদন গুলো রক্তপ্রবাহে উৎসের দিকে যাক।

গৌরাঙ্গ মিত্র

